বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (NTRCA)
নায়েম ক্যাম্পাস, একাডেমিক ভবন (৬ষ্ঠ তলা), ধানমন্ডি, ঢাকা-১২০৫
ফ্যাক্স ঃ ৮৬৫০৮৮৩, ওয়েবসাইট ঃ www.ntrca.gov.bd
ই-মেইলঃ ntrca2005@yahoo.com

স্মারক নং-বেশিনিক/পমূপ্র/৭ম নিঃ পঃ/৩২৪/২০১১/৪০৫ তারিখ ঃ ১৪ জুলাই ২০১১ খ্রিঃ

৭ম শিক্ষক নিবন্ধন পরীক্ষা-২০১১
বিজ্ঞপ্তি

বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (NTRCA) দেশের বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানসমূহে নিম্নবর্ণিত পদে নিয়োগযোগ্য প্রার্থীদের নিবন্ধন ও প্রত্যয়নের লক্ষ্যে ৭ম শিক্ষক নিবন্ধন পরীক্ষা ২০১১-তে অংশগ্রহণে ইচ্ছুক প্রার্থীদের নিকট হতে আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে ঃ

শিক্ষা প্রতিষ্ঠানের ধরণ	পদের নাম	বিষয়	প্রয়োজনীয় শিক্ষাগত যোগ্যতা (ন্যূনতম)
নিম্নমাধ্যমিক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক বিদ্যালয়/ মাদরাসা	সহকারী শিক্ষক (সামাজিক বিজ্ঞান)	১. বাংলা ২. ইংরেজি ৩. অর্থনীতি ৪. রাষ্ট্রবিজ্ঞান ৫. ইতিহাস ৬. ইসলামের ইতিহাস ও সংস্কৃতি ৭. সমাজ বিজ্ঞান ৮. সমাজ কল্যাণ/সমাজ কর্ম ৯. ভূগোল ও পরিবেশ বিজ্ঞান ১০. গার্হস্থ্য অর্থনীতি ১১. ব্যবসায় শিক্ষা (হিসাব বিজ্ঞান, ব্যবসায় পরিচিতি, অর্থায়ন ও বাজারজাতকরণ, ব্যবসায় উদ্যোগ ও বাণিজ্যিক ভূগোল)	১. স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সংশ্লিষ্ট বিষয়ে স্নাতকসহ বিএড। অথবা; ২. সংশ্লিষ্ট বিষয়সহ স্নাতক ডিগ্রি। (উভয় ক্ষেত্রে সমগ্র শিক্ষাজীবনে ১টি ৩য় বিভাগ/ শ্রেণী/ সমমানের জিপিএ গ্রহণযোগ্য হবে)। (বাংলা/ ইংরেজি বিষয়ের ক্ষেত্রে স্নাতক পর্যায়ে ৩০০ নম্বর পঠিত হতে হবে)।
কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান	সহকারী শিক্ষক, সাধারণ বিষয় (ভাষা)	১. বাংলা ২. ইংরেজি	১. স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সংশ্লিষ্ট বিষয় (বাংলা/ ইংরেজি)সহ স্নাতক এবং বিএড। অথবা; ২. সংশ্লিষ্ট বিষয় (বাংলা/ইংরেজি)সহ স্নাতক। (উভয় ক্ষেত্রে সমগ্র শিক্ষাজীবনে ১টি ৩য় বিভাগ/ শ্রেণী/ সমমানের জিপিএ গ্রহণযোগ্য হবে)।
নিম্নমাধ্যমিক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক বিদ্যালয়/ মাদরাসা/ কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান	সহকারী শিক্ষক (গণিত)	গণিত	১. স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে গণিতসহ বিজ্ঞান বিভাগে স্নাতক ডিগ্রি এবং বিএড। অথবা; ২. স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে গণিতসহ বিজ্ঞান বিভাগে স্নাতক। (উভয় ক্ষেত্রে সমগ্র শিক্ষাজীবনে ১টি ৩য় বিভাগ/ শ্রেণী/ সমমানের জিপিএ গ্রহণযোগ্য হবে)।
নিম্নমাধ্যমিক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক বিদ্যালয় / মাদরাসা	সহকারী শিক্ষক (সাধারণ বিজ্ঞান)	১. পদার্থবিজ্ঞান, ২. রসায়ন, ৩. প্রাণিবিদ্যা, ৪. উদ্ভিদবিজ্ঞান ৫. গণিত	১. স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বিজ্ঞান বিভাগে স্নাতকসহ বিএড। অথবা; ২. বিজ্ঞান বিভাগে স্নাতক। (উভয় ক্ষেত্রে সমগ্র শিক্ষাজীবনে ১টি ৩য় বিভাগ/ শ্রেণী/ সমমানের জিপিএ গ্রহণযোগ্য হবে)।
	সহকারী শিক্ষক (কৃষি)	কৃষি শিক্ষা সহকারী শিক্ষক (কৃষি) পদের জন্য আবেদনকারীকে Online আবেদনে ঐচ্ছিক বিষয়ের নামের ঘরে কৃষি শিক্ষা লিখতে হবে এবং কৃষি শিক্ষা বিষয়ের সিলেবাস অনুসরণ করে কৃষি শিক্ষা ঐচ্ছিক বিষয়ে পরীক্ষা দিতে হবে।	স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে নিম্নের যেকোন ১টি ডিগ্রি থাকতে হবে। বিএসসি (কৃষি/কৃষি অর্থনীতি/ মৎস্য বিজ্ঞান/ পশুপালন/ কৃষি প্রকৌশল/ উদ্ভিদবিদ্যা/ প্রাণিবিদ্যা/ মৃত্তিকা বিজ্ঞান); অথবা ডিভিএম; অথবা, ন্যূনতম ৩ বছর মেয়াদি কৃষি ডিপ্লোমা;
	সহকারী শিক্ষক (কম্পিউটার)	কম্পিউটার শিক্ষা সহকারী শিক্ষক (কম্পিউটার) পদের জন্য আবেদনকারীকে Online আবেদনে ঐচ্ছিক বিষয়ের নামের ঘরে কম্পিউটার শিক্ষা লিখতে হবে এবং স্নাতক পর্যায়ে তাঁর যে বিষয়ই থাকুক না কেন কম্পিউটার শিক্ষা বিষয়ের সিলেবাস অনুসরণ করে কম্পিউটার শিক্ষা ঐচ্ছিক বিষয়ে পরীক্ষা দিতে হবে।	কম্পিউটার বিজ্ঞানে স্নাতক/ স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক ডিগ্রিসহ সরকার অনুমোদিত (নেকটার, যুব উন্নয়ন অধিদপ্তর, মহিলা ও শিশু বিষয়ক অধিদপ্তর, সমাজসেবা অধিদপ্তর, কারিগরি শিক্ষা বোর্ড, সরকারী পলিটেকনিক ইনস্টিটিউট, বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল এবং স্বীকৃত বিশ্ববিদ্যালয় এর যে কোন ১টি হতে প্রশিক্ষণ গ্রহণ করতে হবে) প্রতিষ্ঠান হতে ন্যূনতম ৬ মাস মেয়াদি প্রশিক্ষণপ্রাপ্ত হতে হবে। সমগ্র শিক্ষাজীবনে ১টি ৩য় বিভাগ/ শ্রেণী/ সমমানের জিপিএ গ্রহণযোগ্য হবে।
কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান	সহকারী শিক্ষক (বিজ্ঞান)	১. পদার্থবিজ্ঞান ২. রসায়ন	১. স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে পদার্থবিজ্ঞান ও রসায়ন বিষয়সহ স্নাতক এবং বিএড। অথবা; ২. পদার্থবিজ্ঞান ও রসায়ন বিষয়সহ স্নাতক ডিগ্রি। (উভয় ক্ষেত্রে সমগ্র শিক্ষাজীবনে ১টি ৩য় বিভাগ/ শ্রেণী/ সমমানের জিপিএ গ্রহণযোগ্য হবে)।
নিম্নমাধ্যমিক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক বিদ্যালয়	সহকারী শিক্ষক (ধর্ম)	ইসলাম শিক্ষা	১. কামিল/সমমান ডিগ্রি। অথবা; ২. ফাজিল ডিগ্রি। (সকল ক্ষেত্রে সমগ্র শিক্ষা জীবনে ১টি ৩য় বিভাগ/ শ্রেণী/ সমমানের জিপিএ গ্রহণযোগ্য হবে)

শিক্ষা প্রতিষ্ঠানের ধরণ	পদের নাম	বিষয়	প্রয়োজনীয় শিক্ষাগত যোগ্যতা (ন্যূনতম)
মাদরাসা	সহকারী মৌলবি	ইসলাম শিক্ষা	১. কামিল/সমমান ডিগ্রি । অথবা; ২. ফাজিল ডিগ্রি । (সকল ক্ষেত্রে সমগ্র শিক্ষা জীবনে ১টি ৩য় বিভাগ/ শ্রেণী/ সমমানের জিপিএ গ্রহণযোগ্য হবে)
নিম্নমাধ্যমিক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক বিদ্যালয়	সহকারী শিক্ষক (ধর্ম)	হিন্দু ধর্ম শিক্ষা/ বৌদ্ধধর্ম শিক্ষা/ খ্রিস্টধর্ম	সংশ্লিষ্ট ধর্মীয় বিষয়সহ ২য় শ্রেণীর স্নাতক ডিগ্রি । (সকল ক্ষেত্রে সমগ্র শিক্ষা জীবনে ১টি ৩য় বিভাগ/ শ্রেণী/ সমমানের জিপিএ গ্রহণযোগ্য হবে) তবে হিন্দু ও বৌদ্ধ ধর্মের ক্ষেত্রে তীর্থ/ বিশারদ/ উপাধি এবং খ্রিস্টধর্মের ক্ষেত্রে খ্রিস্টধর্মের উপর কমপক্ষে ১ বছরের প্রশিক্ষণ থাকতে হবে । (তবে সকল ক্ষেত্রে সমগ্র শিক্ষা জীবনে ১টি ৩য় বিভাগ/ শ্রেণী/ সমমানের জিপিএ গ্রহণযোগ্য হবে ।)
নিম্নমাধ্যমিক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক বিদ্যালয়/ মাদরাসা	সহকারী শিক্ষক (শরীর চর্চা)	শারীরিক শিক্ষা ও ক্রীড়া	১. স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতকসহ বি.পি.এড প্রশিক্ষণপ্রাপ্ত । অথবা; ২. স্নাতকসহ জুনিয়র ডিপ্লোমা/ ফিজিক্যাল এডুকেশন প্রশিক্ষণপ্রাপ্ত । (উভয় ক্ষেত্রে সমগ্র শিক্ষাজীবনে ১টি ৩য় বিভাগ/ শ্রেণী/ সমমানের জিপিএ গ্রহণযোগ্য হবে) ।
কলেজ	শরীরচর্চা শিক্ষক		
সংযুক্ত এবতেদায়ি মাদরাসা	এবতেদায়ি প্রধান	ইসলাম শিক্ষা	ফাজিল ডিগ্রি । (সমগ্র শিক্ষাজীবনে ১টি ৩য় বিভাগ/ শ্রেণী / সমমানের জিপিএ গ্রহণযোগ্য হবে) ।
	জুনিয়র মৌলবি	কুরআন ও তাজবীদ/ফিক্হ ও আরবি	আলিম ডিগ্রি । (সমগ্র শিক্ষাজীবনে ১টি ৩য় বিভাগ/ শ্রেণী / সমমানের জিপিএ গ্রহণযোগ্য হবে) ।
	জুনিয়র শিক্ষক (সাধারণ)	ভাষা	উচ্চ মাধ্যমিক/সমমান । (সমগ্র শিক্ষাজীবনে ১টি ৩য় বিভাগ/ শ্রেণী / সমমানের জিপিএ গ্রহণযোগ্য হবে) ।
	ক্বারি	কুরআন ও তাজবীদ/ফিক্হ ও আরবি	২য় বিভাগে দাখিল মুজাব্বিদ ।
উচ্চ মাধ্যমিক বিদ্যালয়/ কলেজ/ মাদরাসা	প্রদর্শক	১. পদার্থবিজ্ঞান ২. রসায়ন ৩. প্রাণিবিদ্যা ৪. উদ্ভিদবিজ্ঞান	স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সংশ্লিষ্ট বিষয়সহ স্নাতক ডিগ্রী (তবে সমগ্র শিক্ষা জীবনে ১টি ৩য় বিভাগ/শ্রেণী/ সমমানের জিপিএ গ্রহণযোগ্য হবে) ।
কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান	ট্রেড ইন্সট্রাক্টর	১. এগ্রোবেজড ফুড ২. ফিস কালচার অ্যান্ড ব্রিডিং ৩. পোল্ট্রি রিয়ারিং অ্যান্ড ফার্মিং ৪. ফ্রুট অ্যান্ড ভেজিটেবল কালটিভেশন ৫. ফুড প্রসেসিং অ্যান্ড প্রিজারভেশন ৬. ইলেকট্রিক্যাল মেইনটেন্যান্স ওয়ার্কস/ ইলেকট্রিক্যাল মেশিন মেইনটেন্যান্স ৭. জেনারেল ইলেকট্রনিক্স ৮. অডিও ভিডিও সিস্টেমস ৯. অটোমোটিভ ১০. ফার্ম মেশিনারি ১১. রিফ্রিজারেশন অ্যান্ড এয়ারকন্ডিশনিং ১২. বিল্ডিং মেইনটেন্যান্স ১৩. সিভিল কনস্ট্রাকশন ১৪. কম্পিউটার ও তথ্যপ্রযুক্তি ১৫. জেনারেল মেকানিক্স ১৬. মেশিনটুল অপারেশন/ মেশিনিস্ট ১৭. ওয়েল্ডিং অ্যান্ড ফেব্রিকেশন/ ওয়েল্ডিং ওয়ার্কস ১৮. ড্রেস মেকিং অ্যান্ড টেইলারিং	সংশ্লিষ্ট টেকনোলজিতে ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং/ টেকনিক্যাল এডুকেশন/ ভোকেশনাল এডুকেশন/ সমমান । সমগ্র শিক্ষা জীবনে ১টি ৩য় বিভাগ/ শ্রেণী/ সমমানের জিপিএ গ্রহণযোগ্য হবে ।
উচ্চ মাধ্যমিক কারিগরি ও ভোকেশনাল ইনস্টিটিউট	জুনিয়র ইন্সট্রাক্টর (টেক)	১. কম্পিউটার ও তথ্যপ্রযুক্তি ২. ড্রেস মেকিং অ্যান্ড টেইলারিং ৩. অডিও ভিডিও সিস্টেম ৪.বিল্ডিং মেইনটেনেন্স ৫. জেনারেল মেকানিক্স ৬. জেনারেল ইলেকট্রনিক্স ৭. ফার্ম মেশিনারি	সংশ্লিষ্ট টেকনোলজিতে ১ম বিভাগে ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং/ ভোকেশনাল এডুকেশন/ সমমান । (তবে সমগ্র শিক্ষা জীবনে ১টি ৩য় বিভাগ/ শ্রেণী/ সমমানের জিপিএ গ্রহণযোগ্য হবে) ।
উচ্চ মাধ্যমিক বিদ্যালয় / কলেজ/ মাদরাসা/ ব্যবসায় ব্যবস্থাপনা ইনস্টিটিউট	প্রভাষক	১. বাংলা ২. ইংরেজি ৩. অর্থনীতি ৪. রাষ্ট্রবিজ্ঞান ৫. ইতিহাস ৬. ইসলামের ইতিহাস ও সংস্কৃতি ৭. দর্শন ৮. সমাজবিজ্ঞান ৯. সমাজকল্যাণ/ সমাজকর্ম ১০. মনোবিজ্ঞান ১১. সংস্কৃত ১২. পদার্থবিদ্যা ১৩. রসায়ন ১৪. গণিত ১৫. প্রাণিবিদ্যা ১৬. উদ্ভিদ বিজ্ঞান ১৭. ভূগোল ও পরিবেশ বিজ্ঞান ১৮. পরিসংখ্যান ১৯. মৃত্তিকা বিজ্ঞান ২০. গার্হস্থ্য অর্থনীতি ২১. ব্যবস্থাপনা ২২. হিসাব বিজ্ঞান ২৩. মার্কেটিং ২৪. ফিন্যান্স ২৫. গ্রন্থাগার ও তথ্য বিজ্ঞান ২৬. আরবি ২৭. ইসলাম শিক্ষা	স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সংশ্লিষ্ট বিষয়ে অনার্স ডিগ্রীসহ ২য় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রি । অথবা; স্বীকৃত বিশ্বদ্যিালয় হতে সংশ্লিষ্ট বিষয়ে ৪ বছর মেয়াদী ২য় শ্রেণীর অনার্স ডিগ্রি । অথবা সংশ্লিষ্ট বিষয়ে ২য় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রি । (অন্যান্য স্তরে সমগ্র শিক্ষাজীবনে ১টি ৩য় বিভাগ/ শ্রেণী/ সমমানের জিপিএ গ্রহণযোগ্য হবে ।)
মাদরাসা	প্রভাষক	২৮. আরবি	স্বীকৃত বিশ্ববিদ্যালয়/ মাদরাসা শিক্ষা বোর্ড হতে ২য় শ্রেণীর কামিল ডিগ্রি । অথবা; স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে আরবি/ ইসলামিক স্টাডিজে ৪ বছর মেয়াদি ২য় শ্রেণীর স্নাতক (সম্মান) । অথবা; সংশ্লিষ্ট বিষয়ে ২য় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রি । (অন্যান্য স্তরে সমগ্র শিক্ষা জীবনে ১টি ৩য় বিভাগ/ শ্রেণী/ সমমানের জিপিএ গ্রহণযোগ্য হবে) ।

শিক্ষা প্রতিষ্ঠানের ধরণ	পদের নাম	বিষয়	প্রয়োজনীয় শিক্ষাগত যোগ্যতা (ন্যূনতম)
কলেজ/কৃষি ডিপ্লোমা ইনস্টিটিউট	প্রভাষক/ ইন্সট্রাক্টর (টেক)	২৯. কৃষি [প্রভাষক ইন্সট্রাক্টর (টেক) পদের জন্য প্রার্থীগণকে Online আবেদনে ঐচ্ছিক বিষয়ের নামের ঘরে কৃষি লিখতে হবে এবং স্নাতক সম্মান/ স্নাতকোত্তর পর্যায়ে তাঁর যে বিষয়ই থাকুক না কেন কৃষি বিষয়ের সিলেবাস অনুসরণ করে কৃষি ঐচ্ছিক বিষয়ে পরীক্ষা দিতে হবে ।]	স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সংশ্লিষ্ট বিষয়ে অনার্স ডিগ্রীসহ ২য় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রি । অথবা; স্বীকৃত বিশ্বদ্যিালয় হতে সংশ্লিষ্ট বিষয়ে ৪ বছর মেয়াদী ২য় শ্রেণীর অনার্স ডিগ্রি । অথবা; সংশ্লিষ্ট বিষয়ে ২য় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রি এবং ইন্সট্রাক্টর (টেক)-এর ক্ষেত্রে স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে ১. বিএসসি (এজি) ২. বিএসসি (ডিভিএম) ৩. বিএসসি (ফিসারিজ) ৪. বিএসসি (কৃষি প্রকৌশল) বিষয়ে স্নাতক/সমমান । (অন্যান্য স্তরে সমগ্র শিক্ষাজীবনে ১টি ৩য় বিভাগ/ শ্রেণী/ সমমানের জিপিএ গ্রহণযোগ্য হবে)
উচ্চ মাধ্যমিক বিদ্যালয়/ কলেজ/ মাদরাসা	প্রভাষক (কম্পিউটার বিজ্ঞান)	৩০. কম্পিউটার বিজ্ঞান [প্রভাষক কম্পিউটার বিজ্ঞান পদের জন্য প্রার্থীগণকে Online আবেদনে ঐচ্ছিক বিষয়ের নামের ঘরে কম্পিউটার বিজ্ঞান লিখতে হবে এবং স্নাতক সম্মান/ স্নাতকোত্তর পর্যায়ে তাঁর যে বিষয়ই থাকুক না কেন কম্পিউটার বিজ্ঞান বিষয়ের সিলেবাস অনুসরণ করে কম্পিউটার বিজ্ঞান ঐচ্ছিক বিষয়ে পরীক্ষা দিতে হবে ।]	দ্বিতীয় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রিসহ সরকার কর্তৃক স্বীকৃতিপ্রাপ্ত (নেকটার, যুব উন্নয়ন অধিদপ্তর, মহিলা ও শিশু বিষয়ক অধিদপ্তর, সমাজসেবা অধিদপ্তর, কারিগরি শিক্ষা বোর্ড, সরকারী পলিটেকনিক ইনস্টিটিউট, বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল এবং স্বীকৃত বিশ্ববিদ্যালয় এর যে কোন ১টি হতে প্রশিক্ষণ গ্রহণ করতে হবে) কোন প্রতিষ্ঠান থেকে ন্যূনতম ৬ মাস মেয়াদি কম্পিউটার প্রশিক্ষণপ্রাপ্ত হতে হবে । অথবা; কম্পিউটার বিজ্ঞান/ কম্পিউটার প্রকৌশলে ২য় শ্রেণীর স্নাতকোত্তর বা চার বছর মেয়াদি দ্বিতীয় শ্রেণীর স্নাতক (সম্মান) ডিগ্রী । (তবে উভয় ক্ষেত্রে সমগ্র শিক্ষা জীবনে ১টি ৩য় বিভাগ/ শ্রেণী/ সমমানের জিপিএ গ্রহণযোগ্য হবে ।)
ব্যবসায় ব্যবস্থাপনা ইনস্টিটিউট	প্রভাষক (কম্পিউটার অপারেশন)	৩১. কম্পিউটার অপারেশন [প্রভাষক কম্পিউটার অপারেশন পদের জন্য প্রার্থীগণকে Online আবেদনে ঐচ্ছিক বিষয়ের নামের ঘরে কম্পিউটার অপারেশন লিখতে হবে এবং কম্পিউটার অপারেশন বিষয়ের সিলেবাস অনুসরণ করে কম্পিউটার অপারেশন ঐচ্ছিক বিষয়ে পরীক্ষা দিতে হবে ।]	স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে কম্পিউটার সাইন্স এন্ড ইঞ্জিনিয়ারিং/ কম্পিউটার সাইন্স এ বিএসসি ইঞ্জিনিয়ারিং বা সমমান । অথবা; কম্পিউটার টেকনোলজিতে ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং এ ১ম বিভাগ । (উভয় ক্ষেত্রে সমগ্র শিক্ষাজীবনে ১টি ৩য় বিভাগ/ শ্রেণী/ সমমানের জিপিএ গ্রহণযোগ্য হবে) ।
	প্রভাষক (হিসাবরক্ষণ)	৩২. হিসাব রক্ষণ	স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সংশ্লিষ্ট বিষয়ে ১ম শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রি । অথবা; সংশ্লিষ্ট বিষয়ে অনার্সসহ ২য় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রি । (উভয় ক্ষেত্রে সমগ্র শিক্ষাজীবনে ১টি ৩য় বিভাগ/ শ্রেণী/ সমমানের জিপিএ গ্রহণযোগ্য হবে) ।
	প্রভাষক (ব্যাংকিং)	৩৩. ব্যাংকিং	স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সংশ্লিষ্ট বিষয়ে ১ম শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রি । অথবা; সংশ্লিষ্ট বিষয়ে অনার্সসহ ২য় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রি । (উভয় ক্ষেত্রে সমগ্র শিক্ষাজীবনে ১টি ৩য় বিভাগ/ শ্রেণী/ সমমানের জিপিএ গ্রহণযোগ্য হবে) ।
	প্রভাষক (উদ্যোক্তা উন্নয়ন)	৩৪. উদ্যোক্তা উন্নয়ন [প্রভাষক উদ্যোক্তা উন্নয়ন পদের জন্য প্রার্থীগণকে Online আবেদনে ঐচ্ছিক বিষয়ের নামের ঘরে উদ্যোক্তা উন্নয়ন লিখতে হবে এবং উদ্যোক্তা উন্নয়ন বিষয়ের সিলেবাস অনুসরণ করে উদ্যোক্তা উন্নয়ন ঐচ্ছিক বিষয়ে পরীক্ষা দিতে হবে ।]	স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে ব্যাবস্থাপনা বিষয়ে ১ম শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রি । অথবা; ব্যাবস্থাপনা বিষয়ে অনার্সসহ ২য় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রি । (উভয় ক্ষেত্রে সমগ্র শিক্ষাজীবনে ১টি ৩য় বিভাগ/ শ্রেণী/ সমমানের জিপিএ গ্রহণযোগ্য হবে) ।
কলেজ / ব্যবসায় ব্যবস্থাপনা ইনস্টিটিউট	প্রভাষক (সাচিবিক বিদ্যা)	৩৫. সাচিবিক বিদ্যা [প্রভাষক সাচিবিক বিদ্যা পদের জন্য প্রার্থীগণকে Online আবেদনে ঐচ্ছিক বিষয়ের নামের ঘরে সাচিবিক বিদ্যা লিখতে হবে এবং সাচিবিক বিদ্যা বিষয়ের সিলেবাস অনুসরণ করে সাচিবিক বিদ্যা ঐচ্ছিক বিষয়ে পরীক্ষা দিতে হবে ।	স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বাণিজ্যিক/ পরিসংখ্যান/ গণিত/ অর্থনীতি বিষয়ে ১ম শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রি । অথবা; সংশ্লিষ্ট (বাণিজ্যিক/ পরিসংখ্যান/ গণিত/ অর্থনীতি) বিষয়ে অনার্সসহ ২য় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রি । উভয়ক্ষেত্রে সরকার কর্তৃক স্বীকৃত কোন প্রতিষ্ঠান হতে বাণিজ্যিক ডিপ্লোমা বা সেক্রেটারিয়াল সায়েন্সে ডিপ্লোমা বা ন্যূনতম ৬ মাস মেয়াদি প্রশিক্ষণ সার্টিফিকেট থাকতে হবে । (উভয় ক্ষেত্রে সমগ্র শিক্ষাজীবনে ১টি ৩য় বিভাগ/ শ্রেণী/ সমমানের জিপিএ গ্রহণযোগ্য হবে) ।

২. **জ্ঞাতব্য ঃ** প্রার্থীকে ১০০ নম্বরের আবশ্যিক বিষয় এবং ১০০ নম্বরের ঐচ্ছিক বিষয়সহ মোট ২০০ নম্বরের পরীক্ষায় অংশ গ্রহণ করতে হবে । প্রতি বিষয়ের পাশ নম্বর ৪০ । আবশ্যিক বিষয়ের ১০০ নম্বর MCQ পদ্ধতিতে ১০০টি প্রশ্নের জন্য সময় ১ ঘণ্টা এবং ঐচ্ছিক বিষয়ের ১০০ নম্বরের লিখিত পরীক্ষার জন্য সময় ৩ ঘণ্টা । আবশ্যিক বিষয়ের MCQ প্রশ্নে প্রতিটি ভুল উত্তরের জন্য ০.৫০ (শূণ্য দশমিক পাঁচ শূণ্য) নম্বর কর্তন করা হবে । স্কুল পর্যায়ের আবশ্যিক ও ঐচ্ছিক বিষয়ের পরীক্ষা আগামী ২ ডিসেম্বর ২০১১ এবং কলেজ পর্যায়ের আবশ্যিক ও ঐচ্ছিক বিষয়ের পরীক্ষা আগামী ৩ ডিসেম্বর ২০১১ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত হবে । পরীক্ষার সময়সূচি পরবর্তীতে জানানো হবে ।

৩. প্রদর্শক পদের পরীক্ষার্থীদের জন্য স্কুল পর্যায়ের সংশ্লিষ্ট বিষয়ের সিলেবাস অনুসরণপূর্বক পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে ।

৪. প্রার্থীকে (http://ntrca.teletalk.com.bd) এই ওয়েবসাইটে আবেদন ফরম পূরণ করতে হবে। আগামী ২৫/০৭/২০১১ খ্রিঃ তারিখ হতে ১৬/০৮/২০১১ খ্রিঃ তারিখ পর্যন্ত ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করা যাবে।

৫. ওয়েবসাইটে আবেদনের পর প্রত্যেক আবেদনকারীকে একটি Invoice Number প্রদান করা হবে। পরবর্তীতে ঐ Invoice Number দিয়ে অনধিক ৪৮ (আটচলিশ) ঘণ্টার মধ্যে যে কোন টেলিটক প্রি-প্রেইড মোবাইলের SMS-এর মাধ্যমে পরীক্ষার ফিস বাবদ ৩৫০/- (তিনশত পঞ্চাশ) টাকা প্রদান করতে হবে। অন্যথায় আবেদনপত্র বাতিল হয়ে যাবে। উল্লেখ্য যে, টাকা জমা ব্যতীত শুধুমাত্র হার্ডকপির মাধ্যমে আবেদন প্রেরণ করলে তা বাতিল হবে।

৬. SMS-এ পরীক্ষার ফিস প্রদানের পর প্রার্থীকে Invoice Number, Password এবং Serial Number SMS-এর মাধ্যমে দেয়া হবে। অত:পর প্রার্থীকে (http://ntrca.teletalk.com.bd) এই ওয়েবসাইটে ঢুকে Invoice Number ও Password ব্যবহার করে (পরীক্ষার তারিখ, সময় ও ভেন্যুর নামসহ) প্রবেশপত্র প্রিন্ট করে নিতে হবে। প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি দৈনিক পত্রিকা, এনটিআরসিএ'র ওয়েবসাইট (www.ntrca.gov.bd) অথবা (http://ntrca.teletalk.com.bd) এই ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইলে SMS-এর মাধ্যমে (শুধুমাত্র বৈধ প্রার্থীকে) পরবর্তীতে জানানো হবে। সে মোতাবেক আবেদনকারী প্রবেশপত্র সংগ্রহ করবেন।

৭. টেলিটক মোবাইলের SMS-এর মাধ্যমে এ পরীক্ষার ফিস প্রদানের পর প্রাপ্ত Invoice Number ও Serial Number খামের উপরে বামপার্শ্বে এবং পদের নাম, বিষয়ের নাম ও যে কেন্দ্রে পরীক্ষা দিতে ইচ্ছুক সে কেন্দ্রের নাম ডানপার্শ্বে স্পষ্টভাবে উল্লেখ করতে হবে। প্রার্থীর পরীক্ষার কেন্দ্র, পরীক্ষার বিষয় কিংবা আবেদনপত্রে পূরণকৃত কোন তথ্য যা প্রার্থী পূরণ করবেন তাই চূড়ান্ত বলে গণ্য হবে এবং কোন পরিবর্তন/সংশোধনের আবেদন গ্রহণযোগ্য হবে না।

৮. **প্রয়োজনীয় সনদসমূহ ঃ** Online-এ পূরণকৃত আবেদনপত্র প্রিন্ট করে তার সাথে সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্র ও নম্বর ফর্দের (মার্কসীট) সত্যায়িত অনুলিপি ও এক কপি Blue Background সহ রঙ্গিন পাসপোর্ট সাইজ ছবি। উল্লেখ্য Online আবেদনেও একই ছবি স্ক্যান করে দিতে হবে।

৯. **আবেদনের হার্ডকপি প্রেরণের ঠিকানা ঃ সদস্য (পরীক্ষা মূল্যায়ন ও প্রত্যয়ন), এনটিআরসিএ, নায়েম একাডেমিক ভবন (৬ষ্ঠ তলা), ধানমন্ডি, ঢাকা-১২০৫)**-এর নিকট সরাসরি/ডাকযোগে আগামী ২৫/০৮/২০১১ খ্রিঃ তারিখের মধ্যে পৌছাতে হবে। নির্ধারিত তারিখের মধ্যে আবেদন ও সংশ্লিষ্ট কাগজপত্রের হার্ডকপি এনটিআরসিএ'র দপ্তরে পৌছাতে ব্যর্থ হলে সংশ্লিষ্ট প্রার্থীর আবেদন বাতিল বলে গণ্য হবে।

১০. প্রার্থীর আবেদনপত্র বিজ্ঞাপিত শর্তানুযায়ী যাচাই বাছাইয়ে সঠিক পাওয়া গেলে সংশ্লিষ্ট প্রার্থী পরীক্ষায় অংশগ্রহণের যোগ্য (বৈধ) প্রার্থী হিসেবে বিবেচিত হবেন।

১১. স্কুল পর্যায়ের আবেদনের হার্ডকপি হলুদ খামে এবং কলেজ পর্যায়ের আবেদনের হার্ডকপি খাকি খামে ভরে এনটিআরসিএ দপ্তরে প্রেরণ করতে হবে।

১২. ইতোপূর্বে অন্য কোন বিষয়ে নিবন্ধন পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থী যোগ্যতা সাপেক্ষে ৭ম বেসরকারি শিক্ষক নিবন্ধন পরীক্ষার ২০১১-এ অংশগ্রহণ করতে পারবেন।

১৩. প্রার্থী তাঁর আবেদনপত্রে পরীক্ষা কেন্দ্র হিসেবে যে জেলার নাম উল্লেখ করবেন সে জেলার পরীক্ষা কেন্দ্রে তাঁকে পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

১৪. দেশের পুরাতন বিশটি জেলা শহরে (দিনাজপুর, রংপুর, বগুড়া, রাজশাহী, পাবনা, কুষ্টিয়া, যশোর, খুলনা, জামালপুর, ময়মনসিংহ, টাঙ্গাইল, ঢাকা, ফরিদপুর, কুমিল্লা, নোয়াখালী, চট্টগ্রাম , বরিশাল, পটুয়াখালী, সিলেট ও রাঙ্গামাটি) ৭ম শিক্ষক নিবন্ধন পরীক্ষা অনুষ্ঠিত হবে।

১৫. সতর্কতা ঃ Online আবেদনপত্রে, পরীক্ষার OMR উত্তরপত্রে প্রয়োজনীয় তথ্য প্রদানে কোন প্রকার ভুল/ঘষামাজা/কাটাকাটি হলে সংশ্লিষ্ট প্রার্থীর প্রার্থীতা বাতিল হবে এবং এ সংক্রান্ত কোন আবেদন গ্রহণযোগ্য হবে না।

১৬. পরীক্ষায় অংশগ্রহণকালে প্রার্থীকে প্রশ্নপত্রে উল্লিখিত বিষয় কোড, সেট কোড ও প্রবেশপত্রে উল্লিখিত রোল নম্বর আবশ্যিক বিষয়ের OMR উত্তরপত্র এবং ঐচ্ছিক বিষয়ের উত্তরপত্রের OMR-এর ১ম অংশের নির্ধারিত স্থানে লিখতে হবে এবং সংশ্লিষ্ট বৃত্তগুলো সঠিকভাবে ভরাট করতে হবে। বৃত্ত সঠিকভাবে পূরণ না করলে ফলাফল বাতিল বলে গণ্য হবে।

১৭. প্রার্থীর প্রদত্ত কোন তথ্য বা দাখিলকৃত কাগজপত্র জাল, মিথ্যা বা ভুয়া প্রমাণিত হলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে, সংশ্লিষ্ট প্রার্থীর নিবন্ধন পরীক্ষা বাতিল করা হবে এবং তাঁর বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১৮. যদি কোন প্রার্থী বাংলাদেশের নাগরিক না হন কিংবা বাংলাদেশের নাগরিক নন এমন কোন ব্যক্তিকে বিয়ে করেন বা করার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হন কিংবা কোন ফৌজদারি আদালত কর্তৃক নৈতিক স্খলনজনিত অভিযোগে দণ্ডিত হন কিংবা কোন সরকারি বা স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান বা বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান বা স্থানীয় কর্তৃপক্ষের চাকুরি হতে বরখাস্ত হয়ে থাকেন এবং উক্তরূপ বরখাস্তের পর দুই বছর অতিক্রান্ত না হয়ে থাকে তবে তিনি আবেদন করার জন্য যোগ্য বিবেচিত হবেন না। প্রত্যেক আবেদনকারীকে চারিত্রিক ও নাগরিকত্ব সনদ প্রদান করতে হবে।

১৯. উত্তীর্ণ প্রার্থীদের নিবন্ধিত করে ৫ (পাঁচ) বছরের জন্য নিবন্ধন সনদ প্রদান করা হবে। নিবন্ধিত ব্যক্তিগণ বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানসমূহের সংশ্লিষ্ট শিক্ষক পদে নিয়োগ পাওয়ার জন্য আবেদন করার যোগ্যতা অর্জন করবেন।

২০. ৭ম বেসরকারি শিক্ষক নিবন্ধন পরীক্ষা ২০১১-এর বিজ্ঞপ্তি, পরীক্ষার সিলেবাস, ওয়েবসাইটে আবেদনপত্র পূরণের নিয়মাবলি, SMS-এর মাধ্যমে পরীক্ষার ফিস প্রদানের নিয়মাবলি ও অন্যান্য প্রয়োজনীয় তথ্যাদি এনটিআরসিএ'র ওয়েবসাইটে (www.ntrca.gov.bd) অথবা (http://ntrca.teletalk.com.bd)-এই ওয়েবসাইটে পাওয়া যাবে।

২১. প্রার্থী নিজ জেলা হিসেবে যে জেলার নাম আবেদনে উল্লেখ করবেন, উত্তীর্ণ প্রার্থী সে জেলার জেলা শিক্ষা কর্মকর্তার অফিসে তাঁর নিবন্ধন সনদ পাবেন।

২২. পরীক্ষা সংক্রান্ত অতিরিক্ত কোন তথ্য NTRCA-এর ০২-৮৬৫০৬৯৭, ৮৬৫০৮৯৪, ৮৬৫২৩৩৭, ৮৬৫০৭৪৭, ৯৬১৫৭৫০ ও ৯৬৬৮০৫১ ও ৮৬৫০৭৩৭ নম্বর টেলিফোনে অথবা wasiuzzaman@gmail.com ও zillur_13493@yahoo.com থেকে জানা যাবে।

২৩. পরীক্ষা সংক্রান্ত যে কোন বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

স্বাঃ/-
(ছামেনা বেগম)
সদস্য (পরীক্ষা মূল্যায়ন ও প্রত্যয়ন)
এনটিআরসিএ, ঢাকা।